গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০৯.২৪- ২৭২

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান (বিপি-৬৯০১১১৯৭৩৬), অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে গত ২৯-০৪-২০২৪ তারিখ দুপুরে তাঁর ছোট ভাই মনোনয়ন প্রত্যাশী জনাব মোঃ ওয়াহিদুজ্জামান ঝিনাইদহ-১ আসনের উপ-নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে ঢাকার ধানমন্ডিতে আওয়ামী লীগের রাজনৈতিক কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেয়ার জন্য উপস্থিত হন। ঐ সময় তিনি পুলিশের ইউনিফর্ম পরিহিত অবস্থায় তাঁর ভাইয়ের সাথে সক্রিয়ভাবে সেখানে অংশগ্রহণ করেন। পরবর্তীতে গত ৩০-০৪-২০২৪ তারিখ উক্ত অনুষ্ঠানে পুলিশের ইউনিফর্ম পরিহিত অবস্থায় তাঁর উপস্থিতির বিষয়টি বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইন পত্রিকায় ছবিসহ এবং ছবি ব্যতিত ভিন্ন ভিন্ন শিরোনামে ব্যাপকভাবে প্রচারিত হয়। তিনি পুলিশের একজন দায়িত্বশীল কর্মকর্তা হওয়া সত্ত্বেও উক্ত শিষ্টাচার-বহির্ভূত কর্মকাণ্ডে সম্পৃক্ত হয়ে ঝিনাইদহ-১ আসনের উপ-নির্বাচনে বেআইনিভাবে প্রভাব বিস্তার করার কৌশল অবলম্বন করা এবং জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ করার অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি গ্রহণে ইচ্ছুক না মর্মে জানান; এবং

০২। যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানি গ্রহণে ইচ্ছুক না হওয়ায় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের নিমিত্ত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্ত বোর্ড সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত বোর্ড উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ (Misconduct)-এর অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছে; এবং

০৪। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)-এর উপ-বিধি (১)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক তাঁকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, পরবর্তীতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিহি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক গুরুদণ্ড চূড়ান্তকরণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান'-এর গুরুদণ্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করে; এবং

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তাঁকে 'বাধ্যতামূলক অবসর প্রদান'-এর গুরুদণ্ডের সিদ্ধান্ত চূড়ান্তকরণে সদয় অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান (বিপি-৬৯০১১১৯৭৩৬), অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুযায়ী **'বাধ্যতামূলক অবসর প্রদান'** গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০৭/২৩

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

নম্বর- ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০৯.২৪- ২৭২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা/পুলিশ-১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৮। জনাব মোঃ মনিরুজ্জামান (বিপি-৬৯০১১১৯৭৩৬), অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা।
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।